প্রকল্প পরিচালকের কার্যালয়
"চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও রংপুর বিভাগে একটি করে
ইঞ্জিনিয়ারিংকলেজ স্থাপন" শীর্ষক প্রকল্প
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
আগারগাঁও, ঢাকা-১২০৭

বিষয়ঃ **ঠাকুরগাঁও জেলাস্থ ড. এম এ ওয়াজেদ মিয়া ইঞ্জিনিয়ারিং কলেজের সাইট পরিদর্শন প্রতিবেদন।**

সূত্রঃ প্রকল্প দপ্তরের স্মারক নং ৫৭.০৩.০০০০.০৪৩.১৮.০১.১৯-৮৬০, তারিখঃ ০১/১২/২০২২খ্রিঃ

কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন "চট্টগ্রাম, খুলনা, রাজশাহী এবং রংপুর বিভাগে একটি করে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন" শীর্ষক প্রকল্পটি মোট প্রাক্কলিত ব্যয় ১২২২৩৯.০০ লক্ষ টাকায় অক্টোবর ২০১৮ হতে জুন ২০২৫ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজের মধ্যে ঠাকুরগাঁও জেলাস্থ ড. এম এ ওয়াজেদ মিয়া ইঞ্জিনিয়ারিং কলেজের বর্তমান অগ্রগতি সরেজমিনে পরিদর্শনের জন্যে ৫ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখে প্রকল্প পরিচালক জনাব মোঃ মোশাররফ হোসেন এর নেতৃত্বে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ রফিকুল ইসলাম ও প্রকল্পের সহকারী প্রকল্প পরিচালক জনাব মোঃ হাবিবুর রহমান প্রকল্পস্থলে গমন করেন। পরিদর্শনের সময় নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ) জনাব মোঃ মেহেদী ইকবাল, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ঠাকুরগাঁও, নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ) জনাব মোঃ রাফিউল ইসলাম, সড়ক ও জনপথ বিভাগ ঠাকুরগাঁও এবং শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ও সড়ক ও জনপথ বিভাগের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

মূল সড়ক হতে সিঙ্গিয়া মৌজায় ড. এম এ ওয়াজেদ মিয়া ইঞ্জিনিয়ারিং কলেজ ক্যাম্পাসে যাতায়াতের এপ্রোচ সড়কে বন বিভাগের ০.০৭৭ একর (৩৫ ফুট × ৯৬ ফুট) জায়গার পরে খালের উপর ৩টি ভেন বিশিষ্ট ০১ টি ইউ টাইপ কালভার্ট নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। কালভার্টটি নির্মাণের জন্য খরচ বাবদ ডিপিপিতে (কোড ৪১১১৩১৫-ব্রীজ /কালভার্ট/ স্বল্পমূলধনী স্থাপনা) ৩৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। সরেজমিন পরিদর্শনে দেখা যায়, কালভার্টের ফাউন্ডেশন তৈরির কাজ সম্পন্ন হয়েছে। বেজ স্লাব, দুই প্রান্তের এ্যাবার্টমেন্ট, পিয়ার, কাট-অফ ওয়াল ও উইং ওয়াল ঢালাইয়ের জন্য রড বাধাই করা হয়েছে। কালভার্ট সংলগ্ন খালের পাড়ে ও তলদেশে মাটি ভাঙ্গন প্রতিরোধে কংক্রিট ব্লক স্থাপনের জন্য প্রায় ১০,০০০ (দশ হাজার)টি ৪০ সেঃমিঃ×৪০ সেঃমিঃ×৪০ সেঃমিঃ ও ৪০ সেঃমিঃ×৪০ সেঃমিঃ×২০ সেঃমিঃ মাপের ব্লক তৈরী করা হয়েছে। প্রকল্প সাইটে বিস্তারিত বর্ণনাসহ সাইনবোর্ড স্থাপন করা হয়েছে। নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও-কে অধিগ্রহণকৃত ৮.০০ একর জমির সীমানা চিহ্নিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও-এর সাথে সাক্ষাৎ করে অধিগ্রহণকৃত জমির নামজারীর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ করা হয়েছে।

**সুপারিশ:**

সার্বিক বিবেচনায় পরিদর্শনের সময় পর্যন্ত কালভার্ট নির্মাণকাজের অগ্রগতি প্রায় ৩৫ শতাংশ এবং সন্তোষজনক। মূল সড়ক হতে ক্যাম্পাসে যাতায়াতে এপ্রোচ সড়ক নির্মাণে বন বিভাগের জায়গা ব্যবহারের অনুমতির জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগাযোগ করতে হবে। কালভার্ট নির্মাণের অগ্রগতি বিষয়ে যোগাযোগ রাখতে হবে।

(স্বাক্ষরিত) ৬/১২/22

(মোঃ মোশাররফ হোসেন)
প্রকল্প পরিচালক

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

[দৃঃ আঃ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা]

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ**

১। অফিস কপি

৪০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
"২৩টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Email: 23polyproject@gmail.com

বিষয়ঃ "২৩টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় বাগেরহাট জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের নিমিত্ত অধিগ্রহণকৃত জমি সরেজমিন পরিদর্শন।

সূত্রঃ অত্র প্রকল্পের স্মারক নং ৫৭.০৩.০০০০.০৪৪.২৫.০২৭.২০-৩৮৭, তারিখঃ ২৮/০৯/২০২২খ্রিঃ

| ক্রঃ নং | বিবরণ | | পরিদর্শনের মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | জেলার নাম | : | বাগেরহাট |
| ০২. | উপজেলার নাম | : | সদর উপজেলা |
| ০৩. | তারিখ | : | ০১/১০/২০২২খ্রিঃ |
| ০৪. | বিস্তারিত | : | শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতায় কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "২৩টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত বাগেরহাট জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের নিমিত্ত স্থাপত্যিক মহাপরিকল্পনা এবং আর্কিটেকচারাল ড্রয়িং ডিজাইনের কাজ সূচারুভাবে সম্পন্নের লক্ষ্যে অধিগ্রহণকৃত জমি গত ০১/১০/২০২২খ্রিঃ তারিখে আমি নিম্ন স্বাক্ষরকারী সরেজমিন পরিদর্শন করি। এ পরিদর্শনে সফর সঙ্গী হিসেবে ছিলেন এ প্রকল্পের সহকারী প্রকল্প পরিচালক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর ০২ (দুই) জন নির্বাহী প্রকৌশলী এবং স্থাপত্য অধিদপ্তরের নির্বাহী স্থপতি। এছাড়াও উপস্থিত ছিলেন শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট এবং উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক ও জনপদ বিভাগ, বাগেরহাট।<br><br>০২। প্রকল্প এলাকা পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের জন্য অধিগ্রহণকৃত জমির এক-তৃতীয়াংশের বেশি চাষকৃত জমি। অবশিষ্ট অংশে একটি পুকুর ও নিচু জমি রয়েছে। সেখানে বর্ষাকালে ৩-৪ ফুট পানি জমে থাকে। প্রকল্প এলাকার উত্তর-পূর্ব পার্শ্বে একটি খাল রয়েছে। স্থানীয় লোকজন হতে জানা যায় যে, খালটি ব্যক্তি মালিকানাধীন জমিতে পানি সেচের জন্য তৈরিকৃত, যা কৃষি কাজের সুবিধার্থে মাটি খনন করে খালটির বিভিন্ন শাখা-উপশাখা তৈরি করা হয়েছে। উক্ত জমির মধ্যে পুকুর ঠিক রেখে মহাপরিকল্পনা পুনরায় প্রণয়ন করে স্থাপনাসমূহ নকশা প্রস্তুতের জন্য উপস্থিত সকলে একমত পোষণ করেন। স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধি নির্বাহী স্থপতি জনাব নূরে আসমানি বলেন, ইত:পূর্বে প্রেরিত ডিজিটাল সার্ভের উপর ভিত্তি করে এ সাইটে স্থাপত্যিক মহাপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। জমির বর্তমান অবস্থার উপর ভিত্তি করে পুনরায় স্থাপত্যিক মহাপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে নতুনভাবে ডিজিটাল সার্ভে প্রয়োজন। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী জনাব রফিকুল ইসলাম নির্বাহী প্রকৌশলী, বাগেরহাটকে বলেন, আগামী ২/১ দিনের মধ্যে নতুনভাবে ডিজিটাল সার্ভে সম্পন্ন করে স্থাপত্য অধিদপ্তরকে সরবরাহ করতে হবে। অধিগ্রহণকৃত জমির সম্মুখভাগে সড়ক ও জনপদ বিভাগের জায়গা রয়েছে। প্রকল্প এলাকায় প্রবেশের জন্য অস্থায়ীভাবে মাটি ভরাট করে নির্মাণ কাজ শুরু করা যাবে। পরবর্তীতে পানি প্রবাহের জন্য কাটভার্ট বা ব্রীজ স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**সুপারিশঃ** এ প্রকল্পের আওতায় বাগেরহাট জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের নিমিত্ত ডিপিপি'তে সংস্থানকৃত স্থাপনাসমূহের মহাপরিকল্পনাসহ আর্কিটেকচারাল ড্রয়িং ও ডিজাইন পুনরায় সংশোধন করে স্থাপত্যিক নকশা প্রণয়ন করা যেতে পারে। |

(স্বাক্ষরিত) ০৪/১০/২০২২খ্রিঃ
(সামসুর রহমান খান)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৮১৫২১৪৮

প্রাপক
মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

C:\Users\Office Assistant\Desktop\APD_H.M. Kabir.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
সিলেট, বরিশাল, রংপুর এবং ময়মনসিংহ বিভাগে ৪টি মহিলা
পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (১ম সংশোধিত)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
www.4mohilaproject.dte@gmail.com

**বিষয়: প্রকল্পের আওতায় সিলেট বিভাগে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের জন্য প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন।**

১। **প্রকল্পের নাম:** সিলেট, বরিশাল, রংপুর এবং ময়মনসিংহ বিভাগে ৪টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্প
**প্রাক্কলিত ব্যয়:** ৪০২৯৫.৮৪ লক্ষ টাকা।
**প্রকল্পের বাস্তবায়নকাল:** জানুয়ারি ২০১৮ থেকে জুন ২০২৪ পর্যন্ত।

২। **প্রকল্পের আওতায় নির্মিতব্য স্থাপনা সমুহ:** প্রকল্পের আওতায় নির্মিতব্য স্থাপনাসমুহের বিবরণ, পরিমাণ এবং ডিপিপি অনুমোদিত নির্মাণ ব্যয় নিম্নরূপ:

(১) ভবন নির্মাণ
ক) অনাবাসিক ভবনসমুহ

| অঙ্গের বিবরণ | একক | পরিমান | মোট ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ৬ তলা ভিত্তিসহ ৫০০ বর্গ মিটার প্লিন্থ এরিয়া বিশিষ্ট মোট ৩০৫০ বর্গ মিটার আয়তনের ৬ তলা প্রশাসনিক ভবন নির্মাণ | বর্গ মিটার | ১২২০০ | ৩৯৯৬.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ৬ তলা ভিত্তিসহ ৬৬৫ বর্গ মিটার প্লিন্থ এরিয়া বিশিষ্ট মোট ৪০৫৬ বর্গ মিটার আয়তনের ৬ তলা একাডেমিক ভবন নির্মাণ | বর্গ মিটার | ১৬২২৪ | ৫২৯২.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ৬ তলা ভিত্তিসহ ৫০০ বর্গ মিটার প্লিন্থ এরিয়া বিশিষ্ট মোট ৩০৫০ বর্গ মিটার আয়তনের ৬ তলা ওয়ার্কসপ বিল্ডিং নির্মাণ | বর্গ মিটার | ১২২০০ | ৪২০০.০০ |
| উপমোট | | | ১৩৪৮৮.০০ |

খ) আবাসিক ভবনসমুহ

| অঙ্গের বিবরণ | একক | পরিমান | মোট ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ২ তলা ভিত্তিসহ ১৫৫ বর্গ মিটার প্লিন্থ এরিয়া বিশিষ্ট অধ্যক্ষের জন্য এক তলা বাসভবন নির্মাণ | বর্গ মিটার | ৬২০ | ৩৬৮.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ৫ তলা ভিত্তিসহ ২০০ বর্গ মিটার প্লিন্থ এরিয়া বিশিষ্ট মোট ১০২৫ বর্গ মিটার আয়তনের ৫ তলা শিক্ষক ও কর্মকর্তাদের ডরমেটরি ভবন নির্মাণ | বর্গ মিটার | ৪১০০ | ১৫৪৪.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ৩ তলা ভিত্তিসহ ১১৫ বর্গ মিটার প্লিন্থ এরিয়া বিশিষ্ট মোট ৩৭০ বর্গ মিটার আয়তনের ৩ তলা স্টাফ কোয়াটার নির্মাণ | বর্গ মিটার | ১৪৮০ | ৬৮০.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ৪ তলা ভিত্তিসহ ৮৫২ বর্গ মিটার প্লিন্থ এরিয়া বিশিষ্ট মোট ৩৫০০ বর্গ মিটার আয়তনের ৪ তলা ২০০ শয্যার মহিলা ছাত্রাবাস নির্মাণ | বর্গ মিটার | ১৪০০০ | ৫৩৬৮.০০ |
| উপমোট | | | ৭৯৬০.০০ |
| মোট ভবন নির্মাণ | | | ২১৪৪৮.০০ |

(২) আনুষঙ্গিক ভৌত সুবিধাদি/স্থাপনা নির্মাণ

| অঙ্গের বিবরণ | একক | পরিমান | মোট ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য গেইট সহ ৫৪০ চলতি মিটার বাউন্ডারি ওয়াল নির্মাণ | চলতি মিটার | ২১৬০ | ৮৮০.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ১৪০০ বর্গ মিটার অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ | বর্গ মিটার | ৫৬০০ | ২৮৪.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের বিদ্যুৎ সরবরাহের জন্য ইলেকট্রিক্যাল সাব-স্টেশন স্থাপন(ভবন সহ), লাইটিং, পানির পাম্প, মটর, অভ্যন্তরীণ ওয়্যারিং কাজ | থোক | ৪ | ৭০০.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের পানি সরবরাহের জন্য অভ্যন্তরীণ পানির পাইপ লাইন এবং গভীর নলকূপ স্থাপন | থোক | ৪ | ৪০০.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ২৫০০০ গ্যালন ধারন ক্ষমতার ভূ-গর্ভস্থ জলাধার নির্মাণ | থোক | ৪ | ১০০.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের অভ্যন্তরীণ সারফেস ড্রেন নির্মাণ | থোক | ৪ | ২০০.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ১টি করে মুক্তিযোদ্ধা স্মৃতি স্তম্ভ নির্মাণ | থোক | ৪ | ৩২০.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ১টি করে শহীদ মিনার নির্মাণ | থোক | ৪ | ৮০.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের গ্যাস সরবরাহের জন্য লাইন নির্মাণ | থোক | ৪ | ৪০.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটে প্রশাসনিক, একাডেমিক এবং ওয়ার্কশপ ভবনে লিফট নির্মাণ | থোক | ১২টি | ১৮০০.০০ |
| মোট | | | ৪৮০৪.০০ |

৩। **পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবি:** ড. মোঃ আয়াতুল ইসলাম, প্রকল্প পরিচালক, যুগ্মসচিব (প্রশাসন)।

৪। **পরিদর্শনের তারিখ:** ২২/১০/২০২২ খ্রিস্টাব্দ।

৫। **পরিদর্শনের বিবরণ:** অদ্য ২২/১০/২০২২ খ্রিঃ তারিখে সিলেট মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট এর সাইট পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট, সহকারী প্রকল্প পরিচালক, উপ সহকারী প্রকৌশলীসহ ঠিকাদারবৃন্দ উপস্থিত ছিলেন। প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে যে সকল বিষয়ে আলোচনা করা হয় তা নিম্নে উদ্ধৃত করা হলো:-

ক) সিলেট মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের পূর্ত কাজের অগ্রগতি:

- প্রশাসনিক ভবন নভেম্বর/২০২২ খ্রিঃ পাইল কাস্টিং শুরু হবে।
- একাডেমিক ভবন নভেম্বর/২০২২ খ্রিঃ পাইল কাস্টিং শুরু হবে।
- ওয়ার্কশপ ভবন নভেম্বর/২০২২ খ্রিঃ টেস্ট পাইল ড্রাইভ করবে।
- অধ্যক্ষের বাসভবন ডিসেম্বর/২০২২ খ্রিঃ কাজ শুরু করবে।
- শিক্ষক ডরমেটরী ডিসেম্বর/২০২২ খ্রিঃ কাজ শুরু করবে।
- স্টাফ কোয়ার্টার ভবন নভেম্বর/২০২২ খ্রিঃ টেস্ট পাইল ড্রাইভ করবে।
- ছাত্রী হোস্টেল ভবন নভেম্বর/২০২২ খ্রিঃ টেস্ট পাইল ড্রাইভ করবে।

(খ) ভূমি উন্নয়ন কাজে স্ব স্ব ঠিকাদার তার ভবনের চারপাশে ফিলিং ও রাস্তা নির্মাণ করে নির্মাণ কাজ চলমান রাখার অনুরোধ করা হলো। একই সাথে ভূমি উন্নয়ন কাজের দরপত্রটি রিভিউ করে প্রধান কার্যালয় হতে দরপত্র আহবানের অনুমতি প্রদানের অনুরোধ করা হলো।

(গ) প্রত্যেক ঠিকাদার খুব দ্রুত প্রকল্প এলাকায় অফিস নির্মাণ করার অনুরোধ করা হলো।

(ঘ) প্রকল্প এলাকার বাস্তব অবস্থার আলোকে রিটেইনিং ও বাউন্ডারী ওয়ালের দ্রুত দরপত্র আহবানের অনুরোধ করা হলো।

(ঙ) পাইল ঢালাই করার জন্য ১ ফুট উঁচু করে পাইল কাস্টিং বেড তৈরীর জন্য সকল ঠিকাদার কে অনুরোধ করা হয়।

<u>**সার্বিক মন্তব্য ও সুপারিশঃ**</u> কাজের সামগ্রিক অগ্রগতি সন্তোষজনক নয় বিধায় নির্মাণ কাজের অগ্রগতি ত্বরান্বিত করার জন্য প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এর দৃষ্টি আকর্ষণ করা হলো। নির্মাণ কাজের কর্ম পরিবেশ ভালো। পলিটেকনিক ও টেকনিক্যাল স্কুল ও কলেজ এর শিক্ষকদের সাথে মত বিনিময় করা হলো। শিক্ষা ও প্রশিক্ষণ এবং সংশ্লিষ্ট বিষয়ে তাদের কর্ম তৎপরতা লক্ষ্য করা গেছে। অর্পিত দায়িত্ব আন্তরিকতা ও দক্ষতার সাথে পালনের জন্য পরামর্শ দেয়া হয়েছে।

২২/১০/২২

(ড. মোঃ আয়াতুল ইসলাম)
যুগ্মসচিব (প্রশাসন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০২-৫৮১৫৭৯২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
সিলেট, বরিশাল, রংপুর এবং ময়মনসিংহ বিভাগে ৪টি মহিলা
পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (১ম সংশোধিত)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
www.4mohilaproject.dte@gmail.com

বিষয়: প্রকল্পের আওতায় রংপুর বিভাগে রংপুর মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের জন্য প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন।

১। **প্রকল্পের নাম:** সিলেট, বরিশাল, রংপুর এবং ময়মনসিংহ বিভাগে ৪টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্প

**প্রাক্কলিত ব্যয়:** ৪০২৯৫.৮৪ লক্ষ টাকা।

**প্রকল্পের বাস্তবায়নকাল:** জানুয়ারি ২০১৮ থেকে জুন ২০২৪ পর্যন্ত।

২। প্রকল্পের আওতায় নির্মিতব্য স্থাপনা সমুহ: প্রকল্পের আওতায় নির্মিতব্য স্থাপনা সমুহের বিবরণ, পরিমাণ এবং ডিপিপি অনুমোদিত নির্মাণ ব্যয় নিম্নরূপ:

**(১) ভবন নির্মাণ**

ক) অনাবাসিক ভবন সমুহ

| অঙ্গের বিবরণ | একক | পরিমান | মোট ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ৬ তলা ভিত্তিসহ ৫০০ বর্গ মিটার প্লিন্থ এরিয়া বিশিষ্ট মোট ৩০৫০ বর্গ মিটার আয়তনের ৬ তলা প্রশাসনিক ভবন নির্মাণ | বর্গ মিটার | ১২২০০ | ৩৯৯৬.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ৬ তলা ভিত্তিসহ ৬৬৫ বর্গ মিটার প্লিন্থ এরিয়া বিশিষ্ট মোট ৪০৫৬ বর্গ মিটার আয়তনের ৬ তলা একাডেমিক ভবন নির্মাণ | বর্গ মিটার | ১৬২২৪ | ৫২৯২.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ৬ তলা ভিত্তিসহ ৫০০ বর্গ মিটার প্লিন্থ এরিয়া বিশিষ্ট মোট ৩০৫০ বর্গ মিটার আয়তনের ৬ তলা ওয়ার্কসপ বিল্ডিং নির্মাণ | বর্গ মিটার | ১২২০০ | ৪২০০.০০ |
| | | উপ মোট | ১৩৪৮৮.০০ |

খ) আবাসিক ভবন সমুহ

| অঙ্গের বিবরণ | একক | পরিমান | মোট ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ২ তলা ভিত্তিসহ ১৫৫ বর্গ মিটার প্লিন্থ এরিয়া বিশিষ্ট অধ্যক্ষের জন্য এক তলা বাসভবন নির্মাণ | বর্গ মিটার | ৬২০ | ৩৬৮.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ৫ তলা ভিত্তিসহ ২০০ বর্গ মিটার প্লিন্থ এরিয়া বিশিষ্ট মোট ১০২৫ বর্গ মিটার আয়তনের ৫ তলা শিক্ষক ও কর্মকর্তাদের ডরমেটরি ভবন নির্মাণ | বর্গ মিটার | ৪১০০ | ১৫৪৪.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ৩ তলা ভিত্তিসহ ১১৫ বর্গ মিটার প্লিন্থ এরিয়া বিশিষ্ট মোট ৩৭০ বর্গ মিটার আয়তনের ৩ তলা স্টাফ কোয়াটার নির্মাণ | বর্গ মিটার | ১৪৮০ | ৬৮০.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ৪ তলা ভিত্তিসহ ৮৫২ বর্গ মিটার প্লিন্থ এরিয়া বিশিষ্ট মোট ৩৫০০ বর্গ মিটার আয়তনের ৪ তলা ২০০ শয্যার মহিলা ছাত্রাবাস নির্মাণ | বর্গ মিটার | ১৪০০০ | ৫৩৬৮.০০ |
| | | উপ মোট | ৭৯৬০.০০ |
| | | মোট ভবন নির্মাণ | ২১৪৪৮.০০ |

(২) আনুষঙ্গিক ভৌত সুবিধাদি/স্থাপনা নির্মাণ

| অঙ্গের বিবরণ | একক | পরিমান | মোট ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য গেইট সহ ৫৪০ চলতি মিটার বাউন্ডারি ওয়াল নির্মাণ | চলতি মিটার | ২১৬০ | ৮৮০.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ১৪০০ বর্গ মিটার অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ | বর্গ মিটার | ৫৬০০ | ২৮৪.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের বিদ্যুৎ সরবরাহের জন্য ইলেকট্রিক্যাল সাব-স্টেশন স্থাপন(ভবন সহ), লাইটিং, পানির পাম্প, মটর, অভ্যন্তরীণ ওয়্যারিং কাজ | থোক | ৪ | ৭০০.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের পানি সরবরাহের জন্য অভ্যন্তরীণ পানির পাইপ লাইন এবং গভীর নলকুপ স্থাপন | থোক | ৪ | ৪০০.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ২৫০০০ গ্যালন ধারন ক্ষমতার ভূ-গর্ভস্থ জলাধার নির্মাণ | থোক | ৪ | ১০০.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের অভ্যন্তরীণ সারফেস ড্রেন নির্মাণ | থোক | ৪ | ২০০.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ১টি করে মুক্তিযোদ্ধা স্মৃতি স্তম্ভ নির্মাণ | থোক | ৪ | ৩২০.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের জন্য ১টি করে শহীদ মিনার নির্মাণ | থোক | ৪ | ৮০.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটের গ্যাস সরবরাহের জন্য লাইন নির্মাণ | থোক | ৪ | ৪০.০০ |
| প্রতিটি ইনস্টিটিউটে প্রশাসনিক, একাডেমিক এবং ওয়ার্কশপ ভবনে লিফট নির্মাণ | থোক | ১২টি | ১৮০০.০০ |
| | | মোট | ৪৮০৪.০০ |

৩। পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবি: ড. মোঃ আয়াতুল ইসলাম, প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)।

৪। পরিদর্শনের তারিখ: ১৫ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ।

৫। পরিদর্শনের বিবরণ: রংপুর পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ এবং নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রংপুর ও তাঁর দপ্তরের কর্মকর্তাবৃন্দ-কে সাথে নিয়ে প্রস্তাবিত প্রকল্প এলাকা ও নিকটস্থ অন্যান্য স্থাপনা পর্যবেক্ষণ করা হয়।

রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট এর জায়গা সম্পর্কিত তথ্যঃ

ক) রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট এর মোট জায়গা-৩৪ একর।

খ) রংপুর মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট এর জন্য বরাদ্দ জায়গা-৩ একর।

গ) আঞ্চলিক পরিচালক এর কার্যালয়ের বরাদ্দ জায়গা-১ একর।

ঘ) স্কুল (প্রাথমিক ও মাধ্যমিক) এর জন্য বরাদ্দ জায়গা- ১ একর।

ঙ) টিটিটির চাহিত জায়গা ১.৫ একর (আবাসিক ভবন -২ এবং তিস্তা ছাত্রাবাসের পিছনের ফাকা জায়গা।

রংপুর মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট এর কাজের অগ্রগতি সম্পর্কিত তথ্যঃ

- ওয়ার্কশপ ভবন এর ৬ (ছয়) তলা ফ্রেমওয়ার্কসহ গাথুনী, প্লাস্টার, মোজাইক এর কাজ চলমান।
- একাডেমিক ভবন এর ৫ (পাঁচ) তলা পর্যন্ত গাথুনীসহ ফ্রেমওয়ার্ক এর কাজ চলমান।
- প্রশাসনিক ভবন এর ৫ (পাঁচ) তলা পর্যন্ত ফ্রেমওয়ার্ক এর কাজ চলমান।
- হোস্টেল ভবন এর ৪ (চার) তলা পর্যন্ত ফ্রেমওয়ার্ক এর কাজ চলমান।
- অধ্যক্ষের বাসভবন এর ১ (এক) তলার ছাদ ঢালাই করার পর ফিনিশিং এর কাজ চলমান।
- শিক্ষক ডরমেটরী এর নীচ তলার ছাদ ঢালাইয়ের কাজ চলছে।
- স্টাফ কোয়ার্টার ভবন বেস ঢালায়ের কাজ চলমান রয়েছে।

**সার্বিক মন্তব্য ও সুপারিশঃ** কাজের সামগ্রিক অগ্রগতি সন্তোষজনক তবে নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এর দৃষ্টি আকর্ষণ করা হলো। নির্মাণ কাজের কর্ম পরিবেশ ভালো।

(ড. মোঃ আয়াতুল ইসলাম)
যুগ্ম সচিব (প্রশাসন)
ও
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-৫৮১৫৭৯২৩

কারিগরি শিক্ষা অধিদপ্তর
মহাপরিচালকের দপ্তর

| | | | |
|---|---|---|---|
| (প্রশাসন) | | সহকারী পরিচালক | |
| (ভোকেশনাল) | | | |
| (পিএইচটিটি) | | | |
| (পরিকল্পনা ও উন্নয়ন) | ✓ | অন্যান্য | |
| (পিআইইউ) | | পিএস টু মহাপরিচালক | |
| পরিচালক | | মহাপরিচালক | |
| ডকেট নং- ৬৪৫ | | তারিখঃ- ০৭/৮/২২ | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন প্রকল্প
কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

ADP
২০/৮/২২

# পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনকারীর নাম: ড. মোঃ শফিক উদ্দিন, পদবী: প্রকল্প পরিচালক (উপসচিব)
পরিদর্শনের তারিখ: ০৩/০৮/২০২২ খ্রি.
পরিদর্শনের স্থান: বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট, কুমিল্লা।

বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন প্রকল্পে দপ্তরের ০২/০৮/২০২২ খ্রি. তারিখের স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪২.২৫.০১৪.২০২০-১৪৪৫ অনুসারে গত ০৩/০৮/২০২২ খ্রি. কুমিল্লাস্থ রামমালা, উপজেলায় অবস্থিত বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট পরিদর্শন করি। পরিদর্শনকালে উপস্থিত ছিলেন কারিগরি শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম এর আঞ্চলিক পরিচালক, অত্র দপ্তরের প্রকিউরমেন্ট অফিসার, ঠিকাদার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এর সহকারী প্রকৌশলী ও উপসহকারী প্রকৌশলী এবং অত্র প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ। সেখানে প্রকল্পের অর্থায়নে নির্মাণাধীন ছাত্রাবাস ভবনের টেস্ট পাইল ড্রাইভ এবং অন্য ৪টি বহুতল ভবনের (প্রশাসনিক ভবন, মাল্টিপারপাস ভবন, ডরমেটরী ভবন এবং স্টাফ কোয়ার্টার্স) নির্মাণ ও পূর্তকাজ পরিদর্শন করা হয়।

**পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যাদি:**
বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন প্রকল্পের আওতাধীন কুমিল্লাস্থ রামমালা, উপজেলায় অবস্থিত বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউটে ৪ তলা বিশিস্ট ছাত্রাবাস নির্মাণের জন্য প্রাক্কলিত ব্যয় ৯৫৭.৫০ লক্ষ টাকার সংস্থান রয়েছে।

১) **ছাত্রাবাস নির্মাণ কাজের ঠিকাদারের তথ্য**

| ক্র. নং | কাজের বিবরণ | ঠিকাদারের তথ্য | চুক্তি মূল্য (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ছাত্রাবাস | SABEL & GEBL-JV,<br>জনাব হাসান ০১৬০১-৬৩৯৩৯৪ | ৯২১.৯২ | ৪ তলা |

পরিদর্শনকালীন সময়ে টেস্ট পাইল ড্রাইভ সম্পন্ন হয়েছে। ইতোপূর্বে সাইট ডেভেলপমেন্টের কাজও করা হয়েছে। টেস্টের রিপোর্টের ভিত্তিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

২) **প্রশাসনিক ভবন নির্মাণ সাইট পরিদর্শন**
বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন প্রকল্পের আওতাধীন কুমিল্লাস্থ রামমালায় অবস্থিত বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউটে ৭৫৯.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে একটি ৫-তলা ভিত বিশিষ্ট ৫-তলা প্রশাসনিক ভবনের নির্মাণ কাজ চলছে। পরিদর্শনকালে দেখা যায় যে, ভবনের গ্রেডবীমে ও নীচতলার কলামের কাজ সম্পন্ন হয়েছে। তবে নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদার এবং নির্মাণ শ্রমিক না থাকায় পরবর্তী কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

৩) **মাল্টিপারপাস ভবন নির্মাণ সাইট পরিদর্শন**
বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন প্রকল্পের আওতাধীন কুমিল্লাস্থ রামমালায় অবস্থিত বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউটে ৫৩৫.৫০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে একটি ৫-তলা ভিত বিশিষ্ট ৫-তলা মাল্টিপারপাস ভবনের নির্মাণ কাজ চলছে। পরিদর্শনকালে দেখা যায় যে, ২য় তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। তবে নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদার এবং নির্মাণ শ্রমিক না থাকায় পরবর্তী কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

৪) **শিক্ষক ডরমেটরি ভবন নির্মাণ সাইট পরিদর্শন**
বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন প্রকল্পের আওতাধীন কুমিল্লাস্থ রামমালায় অবস্থিত বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউটে ৩৮৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে একটি ৫-তলা ভিত বিশিষ্ট ৫-তলা ডরমেটরি ভবনের নির্মাণ কাজ চলছে। পরিদর্শনকালে দেখা যায় যে, ডরমেটরি ভবনের নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদার এবং নির্মাণ শ্রমিক ছিল না।

৫) **স্টাফ কোয়ার্টাস ভবন নির্মাণ সাইট পরিদর্শন**

বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন প্রকল্পের আওতাধীন কুমিল্লাস্থ রামমালায় অবস্থিত বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউটে ২৫৪.০০ ল টাকা প্রাক্কলিত ব্যয়ে একটি ৫-তলা ভিত বিশিষ্ট ৫-তলা স্টাফ কোয়ার্টার্স ভবনের নির্মাণ কাজ চলছে। উক্ত ভবনের নির্মাণ ও পূর্ত কাজ পরিদর্শন কালে দেখা যায় যে, ১ম তলা ঢালাই সম্পন্ন হয়েছে। ২য় তলার ছাদের রড বাইন্ডিং এর কাজ চলমান।

**সরেজমিনে পরিদর্শনকালে পর্যবেক্ষণ ও সুপারিশসমূহ:**

১. চলমান নির্মাণ কাজে দরপত্র দলিল, কার্যাদেশ ও অন্যান্য বিনির্দেশ-এর শর্তাবলি যথাযথ অনুসরণ ও গুণগত মান অক্ষুণ্ণ রেখে যথাসময়ে কাজ শেষ করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদার ও প্রকৌশলীবৃন্দকে পরামর্শ প্রদান করা হয়।

২. নির্মাণ কাজ যথাযথ স্পেসিফিকেশন অনুযায়ী সঠিকভাবে সম্পাদনের জন্য অধ্যক্ষকে একটি তদারকি কমিটি গঠনের অনুরোধ করা হয়। কমিটি নির্মাণ কাজে ব্যবহৃত রড, সিমেন্ট, বালু, ইট, পাথর ও অন্যান্য উপকরণের গুণগতমান যাচাই ও মিশ্রণের সঠিক অনুপাত নিশ্চিতকরণ এবং রডের যথাযথ স্পেসিফিকেশন, বাইন্ডিং, সেন্টারিং এ ড্রইং ডিজাইনের সামঞ্জস্যতা নিশ্চিত করবেন।

৩. শ্রমিকদের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা ও সাইটের মালামাল রাখার সু-ব্যবস্থা করার জন্য পরামর্শ প্রদান করা হয়।

৪. শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ড্রইং ডিজাইনের সাথে সামঞ্জস্য রেখে রডের যথাযথ বাইডিং, সাটারিং ও সেন্টরিং এর কাজ নিশ্চিত করতে হবে।

৫. শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ব্যবহৃত অন্যান্য উপকরণ যথা- বালি ও সিমেন্টের গুণগত মান নিশ্চিত করতে হবে।

৬. পরিদর্শনকালে ৩টি ভবনের কাজ সম্পূর্ণ বন্ধ পাওয়া যায়, যা অনভিপ্রেত। ঠিকাদার ও প্রতিনিধির অনুপস্থিতি দুঃখজনক। এ বিষয়ে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লাকে আরো তৎপর হওয়ার জন্য অনুরোধ জানানো হলো।

(ড. মোঃ শফিক উদ্দিন)
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৪১০২৪৫৫৯১

পত্র নং- ৫৭.০৩.০০০০.০৪২.২৫.০১৪.১৮-১৪৫৩

তারিখ ২৬ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
১০ আগস্ট, ২০২২ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৩. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা।
৪. অধ্যক্ষ, বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট, রামমালা, কুমিল্লা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. অফিস নথি।

(ড. নজরুল ইসলাম)
সহকারী প্রকল্প পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
"১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন" প্রকল্প
কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং:৫৭.০৩.০০০০.০৭০.০১৬.৯৬.১৭-৪৩১ তারিখঃ ২৪/৮/২০২২ খ্রি:

## পরিদর্শন প্রতিবেদন

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) গত ২২/০৮/২০২২ ও ২৩/৮/২০২২ ইং তারিখে যশোর, খুলনা, বাগেরহাট ও গোপালগঞ্জ জেলায় প্রকল্পের আওতায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) এর পূর্ত ও নির্মাণ কাজের অগ্রগতি সরেজমিন পরিদর্শন করার জন্য মাঠ সফর করেন। পরিদর্শনের বিবরণ নিম্নরূপ:

০১। ক) পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম : নবনির্মিত আবু শারাফ সাদেক সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, কেশবপুর, যশোর

খ) পরিদর্শনের তারিখ ও সময় : ২২/৮/২০২২ খ্রি: বেলা ১২:০০ ঘটিকা

গ) পর্যবেক্ষণ
- ➢ ৫ তলা একাডেমিক ভবন ও ৪ তলা প্রশাসনিক ভবনের সুপার স্ট্রাকচার কাজ সম্পন্ন হয়েছে
- ➢ সার্ভিস সেন্টারের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।
- ➢ গেট নির্মানের কাজ সম্পন্ন হয়েছে।
- ➢ বাউন্ডারি ওয়ালের কাজ সম্পন্ন হয়েছে।
- ➢ রেইন ওয়াটার রিজার্ভার/ হারভেস্টিং কাজ চলমান।
- ➢ রাস্তা ও ভবনের মাঝের অংশ নীচু থাকায় পানি নিষ্কাশন না হয়ে জলাবদ্ধতা তৈরী হয়েছে।
- ➢ প্রধান রাস্তা হতে টিএসসি'তে সংযোগ রাস্তা নাই।
- ➢ পূর্ত ও নির্মাণ কাজের ভৌত অগ্রগতি- ৯০%

ঘ) পরামর্শ/নির্দেশনা
- ❖ রাস্তা ও ভবনের মাঝের অংশ নীচু থাকায় পানি নিষ্কাশনের জন্য উল্লিখিত অংশটুকু মাটি ভরাট করে উঁচু করে গাইড ওয়াল নির্মাণ করতে হবে।
- ❖ সংযোগ রাস্তার জন্য ভূমি অধিগ্রহণের প্রস্তাব প্রেরণের জন্য উপজেলা ও জেলা প্রশাসনকে অনুরোধ জানানো হয়েছে।

ঙ) মন্তব্য
- ✓ ছাত্র-ছাত্রীদের স্কুলে যাতয়াতের সুবিধার জন্য সংযোগ রাস্তার ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে।

০২। ক) পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম : নির্মানাধীন বটিয়াঘাটা সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, খুলনা।

খ) পরিদর্শনের তারিখ ও সময় : ২২/৮/২০২২ খ্রি: বিকাল ০৩:০০ ঘটিকা

গ) পর্যবেক্ষণ
- ➢ ৫ তলা একাডেমিক ভবন ও ৪ তলা প্রশাসনিক ভবনের সুপার স্ট্রাকচার কাজ সম্পন্ন হয়েছে
- ➢ ১ম তলা ও ২য় তলার ব্রিক ওয়ালের কাজ চলমান।
- ➢ বাউন্ডারি ওয়াল আংশিক নির্মাণ করা হয়েছে।
- ➢ সার্ভিস সেন্টারের কাজ শুরু হয়নি।
- ➢ পূর্ত ও নির্মাণ কাজের ভৌত অগ্রগতি -৭০%

ঘ) পরামর্শ/নির্দেশনা
- ❖ সার্ভিস সেন্টার ও গেট নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।
- ❖ বাউন্ডারী ওয়ালের অবশিষ্ট কাজ সম্পন্ন করতে হবে।
- ❖ জানুয়ারী ২০২৩ শিক্ষাবর্ষে শিক্ষা কার্যক্রম শুরু করার জন্য গ্রাউন্ড ফ্লোরসহ ১ম, ২য় ও ৩য় ফ্লোরের টাইলস ও ওয়াশ ব্লকের স্যানেটারী ফিটিংস, ইলেকট্রিফিকেশন ও পানি সরবরাহের কার্যক্রম ডিসেম্বর ২০২২ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

ঙ) মন্তব্য
- ✓ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের তদারকি জোরদার করতে হবে।

০৩। ক) পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম : নির্মানাধীন মোংলা সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, বাগেরহাট।

খ) পরিদর্শনের তারিখ ও সময় : ২২/৮/২০২২ খ্রি: সকাল ১১:০০ ঘটিকা

গ) পর্যবেক্ষণ
- ➢ একাডেমিক ভবনের ৫ তলা ও প্রশাসনিক ভবনের ৪ তলার ছাদ ঢালাইয়ের কাজ চলমান রয়েছে।
- ➢ বাউন্ডারি ওয়াল, গেট এবং সার্ভিস সেন্টারের নির্মাণ কাজ এখনও শুরু হয়নি।
- ➢ পূর্ত ও নির্মাণ কাজের ভৌত অগ্রগতি- ৭০%
- ➢ অধিগ্রহণকৃত ভূমির ক্ষতিপূরণের অর্থ নির্ধারণে জটিলতা সৃষ্টি হওয়ায় ক্ষতিগ্রস্তদের মাঝে অর্থ বিতরন করা হয়নি।

ঘ) পরামর্শ/নির্দেশনা
- ❖ জানুয়ারী ২০২৩ শিক্ষাবর্ষে শিক্ষা কার্যক্রম শুরু করার জন্য গ্রাউন্ড ফ্লোরসহ ১ম, ২য় ও ৩য় ফ্লোরের টাইলস ও ওয়াশ ব্লকের স্যানেটারী ফিটিংস, ইলেকট্রিফিকেশন ও পানি সরবরাহের

- ❖ বাউন্ডারি ওয়াল, গেট এবং সার্ভিস সেন্টারের নির্মাণ কাজ দ্রুত শুরু করতে হবে।
- ❖ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে।
- ❖ দরজা কাঠ, স্যানেটারী আইটেম, টাইলস, বৈদ্যুতিক সরঞ্জামাদিসহ সকল নির্মাণ সামগ্রীর মান যাচাই করে গুণাগুন নিশ্চিত করতে হবে।
- ❖ ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণের অর্থ নির্ধারণ সংক্রান্ত জটিলতা দ্রুত নিরসনের জন্য উপজেলা ও জেলা প্রশাসনকে অনুরোধ করা হয়েছে।

ঙ) মন্তব্য
- ✓ অধিগ্রহণকৃত ভূমির ক্ষতিগ্রস্তদের নিকট ক্ষতিপূরণের অর্থ বিতরন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।

০৪। ক) পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম : নির্মানাধীন রামপাল সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, বাগেরহাট।

খ) পরিদর্শনের তারিখ ও সময় : ২২/৮/২০২২ খ্রি: বিকাল ০২:০০ ঘটিকা

গ) পর্যবেক্ষণ
- ➢ একাডেমিক ভবনের ৪ তলার ছাদ ঢালাইয়ের কাজ এবং প্রশাসনিক ভবনের ৪ তলার ছাদ ঢালাইয়ের প্রস্তুতি চলছে।
- ➢ বাউন্ডারি ওয়াল, গেট এবং সার্ভিস সেন্টারের নির্মাণ কাজ এখনও শুরু হয়নি।
- ➢ টিএসসির ভূমির সীমানা সঠিকভাবে নির্ধারণ হয়নি।
- ➢ পূর্ত ও নির্মাণ কাজের ভৌত অগ্রগতি- ৬৫%

ঘ) পরামর্শ/নির্দেশনা
- ❖ জানুয়ারী ২০২৩ শিক্ষাবর্ষে শিক্ষা কার্যক্রম শুরু করার জন্য গ্রাউন্ড ফ্লোর সহ ১ম, ২য় ও ৩য় ফ্লোরের টাইলস ও ওয়াশ ব্লকের স্যানেটারী ফিটিংস, ইলেকট্রিফিকেশন ও পানি সরবরাহের কার্যক্রম ডিসেম্বর ২০২২ এর মধ্যে সম্পন্ন করতে হবে।
- ❖ দরজার কাঠ, স্যানেটারী আইটেম, টাইলস, বৈদ্যুতিক সরঞ্জামাদিসহ সকল নির্মাণ সামগ্রীর মান যাচাই করে গুণাগুন নিশ্চিত করতে হবে।
- ❖ দ্রুত সীমানা নির্ধারণের জন্য সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়েছে।
- ❖ বাউন্ডারি ওয়াল নির্মাণ কাজ শুরু করতে হবে।
- ❖ সাব-স্টেশন, সার্ভিস সেন্টার ও মেইন গেইট নির্বাচিত জায়গায় দ্রুত নির্মাণের জন্য নির্বাহী প্রকৌশলীকে অনুরোধ করা হয়েছে।

ঙ) মন্তব্য
- ✓ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের তদারকি জোরদার করতে হবে।

০৫। ক) পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম : নবনির্মিত শেখ ফজিলাতুন্নেছা মুজিব সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

খ) পরিদর্শনের তারিখ ও সময় : ২৩/৮/২০২২ খ্রি: সন্ধ্যা ৭:০০ ঘটিকা

গ) পর্যবেক্ষণ
- ➢ ৫ তলা একাডেমিক ভবন ও ৪ তলা প্রশাসনিক ভবনের ফিনিশিং এর কাজ চলছে।
- ➢ সার্ভিস সেন্টারের ছাদ ঢালাইয়ের কাজ সম্পন্ন হয়েছে।
- ➢ গেট ও বাউন্ডারি ওয়ালের নির্মাণ কাজ চলমান রয়েছে ।
- ➢ কিছু দরজার সেগুন কাঠ মান সম্মত হয়নি এবং গ্রাউন্ড ফ্লোরের ওয়ার্কশপের কয়েকটি দরজা ডিজাইন মোতাবেক করা হয়নি।
- ➢ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্টগণ কর্তৃক নিয়মিত পরিদর্শন হয়না। ঠিকাদারী প্রতিষ্ঠানকে সময়মত সঠিক নির্দেশনা দেয়া হয়নি।
- ➢ পূর্ত ও নির্মাণ কাজের ভৌত অগ্রগতি-৮৫%

ঘ) পরামর্শ/নির্দেশনা
- ❖ নির্বাচিত ও চিহ্নিত জায়গায় সাব-স্টেশন স্থাপন করতে হবে।
- ❖ মাটি ভরাটের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।
- ❖ নিম্নমানের দরজার পাল্লা অপসারণ করতে হবে।
- ❖ অতিদ্রুত অবশিষ্ট বাউন্ডারী ওয়াল (যে অংশটুকু সিদ্ধান্ত নেয়া হয়নি) নির্মাণের কাজ সম্পন্ন করতে হবে।
- ❖ প্রতিষ্ঠান হতে প্রধান সড়ক পর্যন্ত সংযোগ রাস্তার নীচে পাইপের মাধ্যমে পানি প্রবাহের ব্যবস্থা রাখতে হবে।
- ❖ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের তদারকি জোরদার করতে হবে।

ঙ) মন্তব্য
- ✓ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রকৌশলীদের সহিত ঠিকাদারী প্রতিষ্ঠানের

০৬। ক) পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম : নবনির্মিত কাশিয়ানী সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, গোপালগঞ্জ।

খ) পরিদর্শনের তারিখ ও সময় : ২৩/৮/২০২২ খ্রি: সন্ধ্যা ৮:৩০ ঘটিকা

গ) পর্যবেক্ষণ

- ➢ ৫ তলা একাডেমিক ভবন ও ৪ তলা প্রশাসনিক ভবনের সুপার স্ট্রাকচার কাজ সম্পন্ন হয়েছে।
- ➢ বাউন্ডারি ওয়াল, গেট এবং সার্ভিস সেন্টারের নির্মাণ কাজ এখনও শুরু হয়নি।
- ➢ নির্মাণ কাজের বর্তমান গতি খুবই মন্থর।
- ➢ ছাত্র-ছাত্রীদের ওয়াশ ব্লক এখনও নির্মাণ করা হয়নি।
- ➢ পূর্ত ও নির্মাণ কাজের ভৌত অগ্রগতি-৭৫%

ঘ) পরামর্শ/নির্দেশনা

- ❖ ছাত্র-ছাত্রীদের ব্যবহারের জন্য প্রয়োজনীয় সংখ্যক ওয়াশ ব্লক দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।
- ❖ শিক্ষা কার্যক্রম পরিচালনায় সহায়তার জন্য ওয়ার্কশপ ও ল্যাব নির্মাণ কাজ দ্রুত করতে হবে।
- ❖ বাউন্ডারি ওয়াল, গেট এবং সার্ভিস সেন্টারের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।

ঙ) মন্তব্য

- ✓ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের তদারকি জোরদার করতে হবে।

প্রতিবেদনকারী

24.08.2022

ড. মোঃ সিরাজুল ইসলাম
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৪৮১১৩২০০
e-mail: 100ts.pd@gmail.com

প্রাপক,

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[ দৃষ্টি আকর্ষণঃ মোঃ কামরুল হাসান (উপ সচিব, এসডিজি, এপিএ, এনআইএস ও ইনোভেশন সেল)]
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ১৬ আব্দুল গণি সড়ক, শিক্ষা ভবন, ঢাকা।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বাগেরহাট জেলা।
৫. উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর যশোর / বটিয়াঘাটা খুলনা / মোংলা ও রামপাল বাগেরহাট / টুঙ্গিপাড়া ও কাশিয়ানী গোপালগঞ্জ।
৬. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, যশোর / খুলনা / বাগেরহাট / গোপালগঞ্জ জেলা।
৭. সহকারী কমিশনার (ভূমি), কেশবপুর যশোর / মোংলা ও রামপাল বাগেরহাট।
৮. অধ্যক্ষ, কেশবপুর / টুঙ্গিপাড়া / কাশিয়ানী সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ।
৯. অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
"১০০ টি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন" প্রকল্প
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

তারিখঃ ০১/০৯/২০২২ খ্রী: ।

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৭০.০১৮.০০১.০১৪-৪২৪

প্রাপক,
নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,সিলেট।

**বিষয়ঃ সিলেট জেলায় নির্মানাধীন বিয়ানিবাজার টেকনিক্যাল স্কুল ও কলেজের EGL ও FGL সংশোধন প্রসংগে।**

নিম্নস্বাক্ষরকারী গত ৩১/০৮/২০২২ তারিখ বিয়ানিবাজার টেকনিক্যাল স্কুল ও কলেজের সাইট পরিদর্শন করেন। পরিদর্শন পর্যবেক্ষনে নিম্ন বর্নিত বিষয়গুলি তার দৃষ্টিগোচরে আসে।

- EGL ও FGL সঠিক ভাবে নিরূপন না করে PL নির্ধারন করা হয়েছে।
- EGL লেভেল থেকে মাটি অপসারন করে FGL নিরুপন করে PL নির্ধারন করা হয়েছে। এবং সে মোতাবেক
- একাডেমিক ভবনের কিছু অংশে সাটারিংএর কাজ চলছে।

<u>নির্দেশনা/পরামর্শঃ</u>

- EGL কে FGL ধরে PL নির্ধারন করতে হবে। তাই EGL লেভেল থেকে মাটি সরিয়ে FGL নির্ধারন করা যাবে না।
- গ্রেডবীম থেকে তৈরিকৃত কলাম গুলির উচ্চতা কমপক্ষে আরও ১.৫ (দেড়) ফিট বাড়িয়ে প্রথম ফ্লোরের সাটারিং পুনঃরায় করতে হবে।

২। পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

০১/০৯/২০২২
(ড. মোঃ সিরাজুল ইসলাম)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৪৮১১৩২০০
e-mail: 100ts.pd@gmail.com

<u>অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিবহন পুল ভবন, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-১০০০ ।
২. মহাপরিচালক,কারিগরি শিক্ষা অধিদপ্তর আগারগাঁও, ঢাকা-১২০৭
৩. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট জোন, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-১০০০ ।
৬. সংরক্ষণ নথি।

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়,
''১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন'' প্রকল্প
কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও,
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৭০.০৩৬.০০১.০১৫- ৫৬৫ তারিখ : ২৭/০৯/২০২২ খ্রী:

**বিষয়ঃ গোবিন্দগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) কার্যাদেশ বাতিল করা প্রসংগে।**

আপনি নিশ্চয় অবগত আছেন, গাইবান্ধা জেলাস্থ গোবিন্দগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ নির্মাণের নিমিত্ত ০৬/০৭/২০১৮ ইং কার্যাদেশ প্রদান করা হয়। ইতোমধ্যে ২৪/১২/২০২০ ইং কার্যাদেশের মেয়াদ ৫৪০ দিন সমাপ্ত হয়েছে। তবে, নির্মাণ কাজে গতি না থাকায় কাজ সম্পাদনের জন্য নির্বাহী প্রকৌশলী কর্তৃক কয়েকবার কার্যাদেশের মেয়াদ বর্ধিত করা হয়। কিন্তু, গত ৪ বছরে ফোটিং (অগভীর ফাউন্ডেশন) এবং সর্ট কলামসহ ১ম তলার কলামগুলো নির্মাণ করা হয়েছে মাত্র। অদ্যাবধি একটি ছাদেরও ঢালাই সম্পন্ন হয়নি।

২। নিম্ন স্বাক্ষরকারী গত ১৯/০১/২০২২ তারিখে নির্মাণ সাইট পরিদর্শন করেছিল এবং ঐ সময় দেখা যায়, প্রশাসনিক ভবনের(১) ফোটিং এবং সর্ট কলামসহ ২০-২১টি কলামগুলো নির্মাণ করা হয়েছে **(ছবি-১ সংযুক্ত)**। ১০ মাস পর গত ২৪/৯/২০২২ ইং উক্ত সাইট পুনরায় পরিদর্শন করলে দেখা যায় একাডেমিক ভবনের(২) সর্ট কলামসহ ২৮-৩০টি কলাম তৈরী করা হয়েছে মাত্র **(ছবি-২ সংযুক্ত)**। পরিদর্শনকালে নির্মাণ সাইটে ঠিকাদারী প্রতিষ্ঠানের একজন নিরাপত্তা প্রহরী ছাড়া একজন নির্মাণ শ্রমিকও পাওয়া যায়নি। ঠিকাদারী প্রতিষ্ঠানের একজন উপ-সহকারী প্রকৌশলী / সহকারী প্রকৌশলী সাইটে নিয়োজিত থাকার কথা থাকলেও তাকে পাওয়া যায়নি। নির্মাণ কাজ বন্ধ এবং নির্মাণ সাইটে কিছু রড অনেক দিন থেকে পরিত্যক্ত অবস্থায় পড়ে রয়েছে **(ছবি-৩ সংযুক্ত)**।

৩। নির্বাহী প্রকৌশলীসহ অন্যান্য প্রকৌশলীগণ কর্তৃক টিএসসি'র পূর্ত ও নির্মাণ কাজ নিয়মিত পরিদর্শন ও তদারকি করার কথা থাকলেও তার কোন প্রমানাদি সাইট বই'তে উল্লেখ নেই। নির্মাণ কাজের মন্থরতা কাটিয়ে গতি বাড়ানোর জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীকে অনেকবার তাগাদা দেয়া হলেও নির্মাণ কাজে গতি বাড়ানোর জন্য বাস্তবে ফলপ্রসূ অগ্রগতি দেখা যায়নি। তাছাড়া, ঠিকাদারী প্রতিষ্ঠানের গড়িমসি ও গাফিলতির জন্য নির্বাহী প্রকৌশলী কর্তৃক কার্যকর কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়নি, যা মোটেই কাম্য নয়।

৪। নির্মাণ কাজ সম্পাদনে ঠিকাদারী প্রতিষ্ঠানের গড়িমসি, অনিহা এবং দীর্ঘ সময় ধরে কাজ বন্ধ রাখা ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত চুক্তি ভঙ্গের সামিল। তাই, ঠিকাদারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করত: কার্যাদেশ বাতিল করে অতিশীঘ্র পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

সরকারের উন্নয়ন কাজ সময়মত বাস্তবায়নের লক্ষ্যে বিষয়টি অতিব জরুরী।

২৭/০৯/২০২২
(ড. মোঃ সিরাজুল ইসলাম)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৪৮১১৩২০০
e-mail: 100ts.pd@gmail.com


প্রাপক,

প্রধান প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,
শিক্ষা ভবন, ঢাকা।

[ দৃষ্টি আকর্ষণ: নির্বাহী প্রকৌশলী (ডেস্ক-১)]

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৩. পরিচালক (ভোকেশনাল / পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর সার্কেল
৫. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা
৬. নিবার্হী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা
৭. অফিস নথি



**ছবি-১:** গত ১৯/০১/২০২২ তারিখে নির্মাণ সাইট পরিদর্শনের ছবি, প্রশাসনিক বিল্ডিং এর ২০-২১টি কলাম নির্মাণ করা হয়েছে মাত্র। (৩ বছর ৬ মাস সময় লেগেছে। যদিও অগভীর ফাউন্ডেশন)

১০ মাস পর-



**ছবি-২:** প্রশাসনিক বিল্ডিং এর ২৮-৩০টি কলাম নির্মাণ করা হয়েছে। যদিও ইতোমধ্যে ৪ বছরের অধিক সময় পার হয়েছে।



**ছবি-৩:** নির্মাণ সাইটে কিছু রড অনেক দিন থেকে পরিত্যক্ত অবস্থায় পড়ে রয়েছে।